দৈনিক ইনকিলাব

4

তারিখ 12 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 2

## রাজধানীতে মাদ্রাসায় ধর্মঘট পালিত

।। ইনকিলাব রিপোর্ট ।।

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের ডাকে গতকাল রাজধানীর মাদ্রাসাসমূহে পূর্ণ ধর্মঘট পালিত হয়। এসময় ঢাকা আলীয়া মাদ্রাসায় এক বিক্ষোভ মিছিল ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ থেকে

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## মাদ্রাসায় ধর্মঘট

প্রথম পৃষ্ঠার পর

অবিলম্বে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের আহবান জানানো হয়।

### সভা

এদিকে গতকাল বিকেলে ইসলামী বিশ্ববিদ্যালয় প্রথম আবাসিক হল মিলনায়তনে এক সাধারণ ছাত্র সভা অনুষ্ঠিত হয়। ছাত্রনেতা নাজমুল হক সাঈদীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধকল্পে বৃহত্তর আন্দোলন গড়ে তোলার আহবান জানানো হয়।